

কালের কণ্ঠ

আপডেট : ৯ মে, ২০১৭ ২২:২৭

বিনা খরচায় প্রশিক্ষণ সঙ্গে মিলবে ভাতাও

সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রগ্রামের (সেপ) অর্থায়নে বিনা মূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে। মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রের (বিটাক) মাধ্যমে। বিস্তারিত জানাচ্ছেন ফরহাদ হোসেন



স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রগ্রামের (সেপ) প্রকল্পের অধীনে দুই বছরে ৫৪০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে দেওয়া হবে প্রশিক্ষণ। এরই মধ্যে শুরু হয়ে গেছে প্রশিক্ষণ কার্যক্রম। চলবে ২০১৮ সালের জুন পর্যন্ত। প্রশিক্ষণ দেওয়া হবে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রের (বিটাক) চট্টগ্রাম কেন্দ্রে। প্রতি ব্যাচে সব বিষয়ে প্রশিক্ষণ পাবে ৩০ জন করে। অগ্রাধিকার পাবে নারী ও ক্ষুদ্রনৃগোষ্ঠীর সদস্যরা। প্রশিক্ষণের জন্য কোনো ফি লাগবে না। উপরন্তু দেওয়া হবে ভাতা।

আবেদনের যোগ্যতা

বিটাক চট্টগ্রাম কেন্দ্রের ট্রেনিং ডিভিশনের ইনচার্জ ফারহানা আক্তার জানান, বয়স থাকতে হবে কমপক্ষে ১৮ বছর। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে অষ্টম শ্রেণি বা জেএসসি পাস। প্রশিক্ষণ নেওয়ার পর কাজ করার মানসিকতা থাকতে হবে।

আবেদন ফরম অনলাইনে

আবেদন করতে হবে নির্ধারিত ফরমে। ভর্তি ফরম পাওয়া যাবে বিটাকের ওয়েবসাইট (www.bitac.gov.bd) থেকে। এ ছাড়া বিটাক চট্টগ্রাম : সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯; বিটাক, ঢাকা : তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; বিটাক, খুলনা : প্লট নং আর-১৪, কেডিএ শিল্প এলাকা, খুলনা-৯২০৪ ও বিটাক, বগুড়া : নিশিন্দারা, কারবালা, বগুড়া-৫৮০০ অফিসের ভর্তি শাখা থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। জুন ২০১৭ ব্যাচে প্রশিক্ষণ নিতে চাইলে আবেদন ফরম ডাকযোগে পাঠাতে হবে ২৬ মের মধ্যে। আবেদন ফরম পাঠানোর ঠিকানা : বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯। আবেদনপত্রের সঙ্গে যুক্ত করতে হবে শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের অথবা জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা কাউন্সিলরের দেওয়া নাগরিকত্ব সনদ ও সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজ ও এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি।

বাছাই প্রক্রিয়া

ফারহানা আক্তার জানান, আবেদনপত্র যাচাই শেষে প্রার্থীদের বাছাইয়ের জন্য মৌখিক পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষা নেওয়া হবে ৩০ ও ৩১ মে সকাল ৯টা থেকে। প্রার্থীদের সকাল ৯টায় বিটাকের চট্টগ্রাম অফিসে হাজির থাকতে হবে। উত্তীর্ণদের জানিয়ে দেওয়া হবে ওই দিনই। প্রশিক্ষণ কোর্স শুরু হবে ১ জুন। বাছাই পরীক্ষায় শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি দেখা হবে কোর্স করার আগ্রহ, আগে কোনো কোর্সে প্রশিক্ষণ নিয়েছে কি না, কেন এ কোর্সটি করতে চায়, কোর্স শেষে তার লক্ষ্য কী, কাজের মানসিকতা আছে কি না, পছন্দের বিষয়ে কতটুকু জানাশোনা সহ সাধারণ জ্ঞানে কেমন ধারণা আছে। যারা সঠিক ও গুছিয়ে উত্তর দিতে পারবে তাদের মনোনীত করা হবে প্রশিক্ষণের জন্য।

প্রশিক্ষণ পদ্ধতি ও স্থান

মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণের মেয়াদ চার মাস। প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। প্রাকটিক্যাল ও থিওরিটিক্যাল—দুই পদ্ধতিতে নেওয়া হবে ক্লাস। তিন মাস থিওরিটিক্যাল ক্লাস শেষে সংশ্লিষ্ট শিল্প কারখানায় এক মাসের প্র্যাকটিক্যাল প্রশিক্ষণ দেওয়া হবে। সরকারি ছুটি ছাড়া সপ্তাহের বাকি পাঁচ দিন ক্লাস নেওয়া হবে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। ৮০ শতাংশ ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক।

ভাতা ও চাকরি

বিটাকের চারটি কেন্দ্র থেকে সেপ প্রকল্পের মাধ্যমে বিনা মূল্যে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে। মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স—এ তিনটি বিষয়ে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্র প্রশিক্ষণ দিয়ে থাকে

ফারহানা আক্তার জানান, তিন মাসের থিওরিটিক্যাল ক্লাস শেষে তিন হাজার টাকা ও এক মাসের প্রাকটিক্যাল ক্লাস শেষে দেওয়া হবে এক হাজার ৫০০ টাকা। অর্থাৎ কোর্স শেষে একজন প্রার্থী মোট চার হাজার ৫০০ টাকা প্রশিক্ষণ ভাতা পাবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সনদপত্র। এ ছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে চাকরির ব্যবস্থা করা হবে প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকেই।

সুযোগ রয়েছে আরো

বিটাক ঢাকা কেন্দ্রের অতিরিক্ত পরিচালক ইকবাল হোসেন পাটোয়ারী জানান, ঢাকাসহ বিটাকের মোট চারটি কেন্দ্র থেকে সেপ প্রকল্পের মাধ্যমে বিনা মূল্যে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে। মেশিনশপ, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স—এ তিনটি বিষয়ে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্র প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রশিক্ষণ শুরুর আগে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে প্রশিক্ষণার্থী মনোনীত করা হয়। আগ্রহী প্রার্থীরা নিজেদের পছন্দমতো বিষয়ে ও কাছের কেন্দ্র থেকে এ প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবে।

যোগাযোগ

প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ করা যাবে ছুটির দিন বাদে অফিস চলাকালে বিটাকের ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রে।

ফোন : ০৩১-২৭৭০০০৬, ৭৫১৫৭৬ বর্ধিত ২৬

ওয়েব : www.bitac.gov.bd

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২,

৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com

